

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৭৬

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ التَّيْفُ

আরবী

وَعَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «أَلَا إِنَّ الدُّنْيَا مَلْعُونَةٌ مَلْعُونٌ مَا فِيهَا إلا ذكرُ الله وَمَا وَالَاهُ وَعَالِمٌ أَوْ مُتَعَلِّمٌ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ

اسناده حسن ، رواه الترمذى (2322 وقال: حسن غريب) و ابن ماجم (4112) ـ (حسن)

বাংলা

৫১৭৬-[২২] উক্ত রাবী [আবু হুরায়রাহ্ (রা.)] হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: সাবধান! নিশ্চয় দুনিয়া অভিশপ্ত, তন্মধ্যে আল্লাহর যিক্র ও আল্লাহ যা কিছু ভালোবাসেন এবং জ্ঞানী ও জ্ঞান অনুসন্ধানকারী ব্যতীত সব কিছুই অভিশপ্ত। (তিরমিয়ী ও ইবনু মাজাহ)।

ফুটনোট

হাসান : তিরমিয়ী ২৩২২, ইবনু মাজাহ ৪১১২, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ৩২৪৪, সহীহুল জামি ১৬০৯, সিলসিলাতুস সহীহাহ ২৭৯৭, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৫৩৩২, মুসনাদে বায্যার ১৭৩৬, শুআবুল ঈমান ১৭০৮, দারিমী ৩২২, আল মুজামুল কাবীর লিত্ব তবারানী ১৬৮০, আল মুজামুল আওসাত্ব ৪০৭২।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (إِنَّ الدُّنْيَا مَلْعُونَةٌ) অর্থাৎ দুনিয়া তার অধিবাসীকে আল্লাহ থেকে বিমুখ করে রাখে বলে তাকে অভিশপ্ত বলে আখ্যায়িত করা হয়েছে। (مَلْعُونٌ مَا فِيهَا) অর্থাৎ যারা আল্লাহর যিক্র থেকে বিমুখ তারাও অভিশপ্ত।



(وَمَا وَالَاهَ) অর্থাৎ- সৎ কাজ করার জন্য তাকে আল্লাহ ভালোবাসেন। যে ব্যক্তি আল্লাহর আদেশ মান্য করে, নিষেধ বর্জন করে এবং তার যিক্রে মন্ত থাকে সে অভিশপ্ত নয়। আল্লামাহ্ মুযহির (রহিমাহুল্লাহ) বলেন : এর দারা উদ্দেশ্য হলো, দুনিয়ায় আল্লাহ তা'আলা যে সমস্ত কার্যকলাপ পছন্দ করেন সেগুলো উদ্দেশ্য।

'আল্লামাহ্ মানাবী (রহিমাহ্লাহ) বলেন : (مَلْغُونَةُ) শব্দের অর্থ হলো (مروكة) অর্থাৎ বর্জনীয়। তিনি বলেন : দুনিয়াকে অভিশপ্ত বলে আখ্যায়িত করার কারণ হলো, সে মানুষকে আল্লাহর ইবাদত থেকে বিমুখ করে প্রবৃত্তির অনুসরণে মত্ত রাখে। (তুহফাতুল আহওয়াযী ৬৯ খণ্ড, হা. ২৩২২; মিরক্লাতুল মাফতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন